দৈনিক
ইত্তেফাক

তারিখ 01 DEC 2015
পৃষ্ঠা ৫ কলাম ৬

# শিক্ষা সফর শেষে ফিরে গেলেন ভারতীয় শিক্ষার্থীরা

■ লালমনিরহাট প্রতিনিধি

ভারত-বাংলাদেশ বন্ধুপ্রতীম দুই দেশের সৌহাদ্যপূর্ণ সম্পর্ক আরো সুদৃঢ় এবং ঘনিষ্ঠ করতে বিজিবির আমন্ত্রণে বিএসএফ পরিচালিত স্কুল-কলেজ থেকে ২৮ শিক্ষার্থীর একটি দল চার দিনের শিক্ষা সফরে বাংলাদেশ ভ্রমণ শেষে ভারতে ফিরে গেছে। রবিবার রাতে ওই শিক্ষার্থীরা লালমনিরহাটের পাটগ্রাম উপজেলার বুড়িমারী স্থলবন্দর দিয়ে কোচবিহার জেলার চ্যাংরাবান্ধা হয়ে ফেরত যায়। এ সময় তাদের বুড়িমারী জিরো পয়েন্টে লালমনিরহাট-১৫ বিজিবি ব্যাটালিয়নের উপ-অধিনায়ক মেজর মাসুদুর রহমান মাসুদ বিদায় জানান। কোচবিহার-৬১ বিএসএফ ব্যাটালিয়নের উপ-অধিনায়ক মেজর পি ছিনছনের তত্ত্বাবধানে দলটি গত চার দিন বিজিবির রংপুর সেক্টর ও ঢাকা সদর দফতরসহ বিভিন্ন দর্শনীয় স্থান পরিদর্শন করেন। এর আগে বিএসএফের আমন্ত্রণে বর্ডার গার্ড বাংলাদেশ পরিচালিত মুন্সি আব্দুর রউফ ও নূর মোহাম্মদ স্কুল অ্যান্ড কলেজের ২৯ জন শিক্ষার্থী গত ১৪ থেকে ১৭ নভেম্বর পর্যন্ত ভারতে চার দিনের শিক্ষা সফর করেন।